সোমবার সংবাদ সম্মেলন ডেকেছেন ড. কামাল

গণফোরাম সভাপতি ড. কামাল হোসেন আগামী সোমবার সংবাদ সম্মেলন ডেকেছেন। এতে তিনি বর্তমান রাজনৈতিক পরিস্থিতির ওপর গুরুত্বপূর্ণ বক্তব্য রাখবেন বলে জানানো হয়েছে দলীয় সূত্রে। এছাড়া তাঁর বক্তব্যে দেশের বন্যা পরিস্থিতিকেও গুরুত্ব দেওয়া হবে বলে জানা গেছে।

আজ রবিবার গণফোরামের যুগ্ম-সাধারণ সম্পাদক মোশতাক আহমেদ গণমাধ্যমকে এ সংবাদ সম্মেলনের তথ্য জানান।

মোশতাক আহমেদ গণমাধ্যমকে বলেন, সোমবার (২২ জুলাই) বেলা ১১টায় জাতীয় প্রেসক্লাবের দ্বিতীয় তলায় তোফাজ্জল হোসেন মানিক মিয়া হলে এ সংবাদ সম্মেলন হবে। এতে উত্তরবঙ্গের বন্যা ও বর্তমান রাজনৈতিক পরিস্থিতির ওপর গুরুত্বপূর্ণ বক্তব্য রাখবেন তিনি।